

সংবাদ বিবৃতি

বার বার চেষ্টা চালিয়েও মামলা করতে পারছেন না একজন নারী সার্জেন্ট
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর দ্রুততার সাথে মামলা
গ্রহণ, ন্যায়বিচার এবং ভুক্তভোগীদের নিরাপত্তা নিশ্চিতের দাবি

[১৬ ডিসেম্বর ২০২১, ঢাকা] রাজধানীর গুলশানে মধ্যরাতে বেরোয়া গতিতে গাড়ি চালিয়ে এক নারী পুলিশ সার্জেন্টের বাবাকে চাপা দেওয়ার ঘটনার ১২ দিন পরও অভিযোগ নেয়নি পুলিশ। গণমাধ্যমসূত্রে জানা যায় যে, অভিযুক্তরা প্রভাবশালী হওয়ায় তাঁর অভিযোগ আমলে নিচ্ছেন না কর্মকর্তারা। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। একইসাথে ফোরাম ভুক্তভোগীর নৃতাত্ত্বিক কিংবা অভিযুক্তের পারিবারিক পরিচয় কোনোভাবেই যাতে তাঁর বিচারলাভের অন্তরায় হয়ে না দাঁড়ায় এবং আইনের শাসন নিশ্চিত করে ব্যর্থতার জন্য আলোচিত এ ঘটনা যাতে ভুক্তভোগীর পেশাগত ও পারিবারিক জীবনে কোন প্রকার নিরাপত্তাহীনতার সৃষ্টি না করে, তা নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, তিন দফায় নারী সার্জেন্ট মহুয়া হাজং মামলা করার চেষ্টা চালিয়েছেন কিন্তু তাঁর মামলা নেয়া হয়নি। অভিযোগ রয়েছে, গাড়িটি চালাচ্ছিলেন একজন বিচারপতির ছেলে সাইফ হাসান। পরে পথচারীরা গাড়ির ড্রাইভার ও গাড়িটিকে আটক করে পুলিশে দেয়। কিন্তু কিছুক্ষণ পর বিচারপতির ছেলে ও তার বন্ধুদের ছেড়ে দেয় পুলিশ। আর আহত মনোরঞ্জনকে পঙ্গু হাসপাতালে পাঠানো হয়। তাঁর কোমরের নিচের অংশ খেঁতলে যাওয়ায় একটি পা কেটে ফেলতে হয়েছে। এখন তিনি জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছেন।

আইনের আশ্রয়লাভের অধিকার প্রতিটি নাগরিকের সাংবিধানিক অধিকার। একজন পুলিশ হয়েও মহুয়া হাজং এতোবার প্রচেষ্টা চালানোর পরও মামলা করতে না পারা থেকে প্রতীয়মান হয় যে, এক্ষেত্রে কোনো প্রভাবশালী পক্ষ ভূমিকা রাখছে। এ পরিস্থিতিতে ফোরাম কর্তৃপক্ষের কাছে নিম্নোক্ত দাবী রাখছে-

১. ভুক্তভোগী ও তাঁর পরিবার যাতে বিচারলাভের অধিকার থেকে বঞ্চিত না হয়, তা নিশ্চিত করার জন্য দ্রুততার সাথে মামলা গ্রহণ করা এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে সুষ্ঠু বিচার নিশ্চিত করা;
২. সিসি ক্যামেরার ফুটেজ থাকা সত্ত্বেও মামলা গ্রহণ না করার জন্য দায়ী পুলিশ কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায় নিয়ে আসা;
৩. নারী সার্জেন্ট ও তাঁর পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
৪. নারী সার্জেন্ট মহুয়া হাজং এর পেশাগত জীবনে এ ঘটনা যেন কোন প্রকার নিরাপত্তাহীনতার সৃষ্টি না করে তা নিশ্চিত করা;
৫. মনোরঞ্জন হাজং-এর সুচিকিৎসা নিশ্চিত করার পাশাপাশি পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চিত করা।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).